4.11-4.13

বিসমিল্লাহির রাহমানির রাহিম

মোঃ আফজাল হোসেন
কাউন্সিলর, ২৪নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
কার্যালয়
১০১/১ টি হোসেন রোড, হাজী হানিফ ম্যানসন
ইসলামবাগ, নবীগঞ্জ, বন্দর, নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন : ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ
৭৬৪৮৪৩০ ........................প্রশাসক
০১৭৮৫৪০০০০০............ কাউন্সিলর
০১৯৭৭৯৯৯৯৭৯............ কাউন্সিলর
ই-মেইল :.. afzal24ward@gmail.com
৭৬৪০০৩২........প্রধান নির্বাহী কর্মকর্তা
৭৬৪৮৩৬৭,.......তত্ত্বাবধায়ক প্রকৌশলী
৭৬৩৩৪২৩.........................সচিব

সূত্রঃ-

তারিখঃ ২০/০৬/২০২৩খ্রি.।

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৬/০৬/২০২৩খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় সম্মানীত ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আফজাল হোসেন)
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ২৪ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার (১ম সভা) কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ আফজাল হোসেন
কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৪
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ২৪

সভার তারিখ ঃ ২৬/০৬/২০২৩ ইং

সভার সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকায়

সভার সভার স্থান ঃ ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ২৪ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আফজাল হোসেন কমিটির সদস্য সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম পাপ্পু আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোঃ জাহাঙ্গীর আলম পাপ্পু পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: নাগরিক চাহিদা প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা | WLCC'র সদস্য-সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম পাপ্পু বলেন যে, ২৪ নং ওয়ার্ডে বড় কবর স্থান নির্মান প্রসঙ্গে আলোচনা। | ২৪ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য সচিব মোঃ জাহাঙ্গীর আলম পাপ্পু সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ৩৭.৪৭% পৌরকর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়। (খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে | রাজস্ব বিভাগ ও WLCC-এনসিসি |

| | | | |
|---|---|---|---|
| | ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশন সহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচ্যসূচী-৪: বিশুদ্ধ পানি সরবরাহ প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিশুদ্ধ পানি সরবরাহ প্রসঙ্গে। | WLCC'র সদস্য জনাব মোঃ আলী বলেন যে, ২৪নং ওয়ার্ডে পানির খুবই সমস্যা ওয়াসা থেকে যে পানি পাওয়া যায় তা খুবই নোংরা ও দুর্গন্ধ। তিনি আরও জানান ওয়াসার বিল তারা নিয়মিত পরিশোধ করে যাচ্ছেন কিন্তু চাহিদা মোতাবেক পানি পাচ্ছেন না। তাই তিনি এই ওয়াসাকে সিটি কর্পোরেশনের আওতাধীন পরিচালনার জোড় দাবী জানান। | সুপারিশটি সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৫: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব রিনা বেগম বলেন যে, ২৪নং ওয়ার্ডে কুকুরের উপদ্রব দিন দিন বেড়ে চলেছে। তাই তিনি কুকুর নিধনের অনুরোধ করেন। | কুকুর নিধনের ব্যাপারে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু কুকুর যাতে বংশবিস্তার না করতে পারে তার জন্য কুকুরকে একটি ভ্যাকসিন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্জ্য ব্যবস্থপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আফজাল হোসেন)

চেয়ারপার্সন, ২৪নং WLCC

ও

কাউন্সিলর, ২৪নং ওয়ার্ড

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল ঃ০১৯৭৭৯৯৯৯৭৯

# সংযোজনী-ক

## ২৪ নং ওয়ার্ডের WLCC কমিটি'র সভায় সদস্যদের হাজিরা তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আফজাল হোসেন | চেয়ারপার্সন | |
| ০২ | জনাব শাওন অংকন | কো-চেয়ারপার্সন | |
| ০৩ | জনাব মোঃ ফয়েজ উদ্দিন সিকদার | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ হাসান | সদস্য | Hasan |
| ০৫ | জনাব মোঃ মাহবুব সিকদার | সদস্য | |
| ০৬ | হাজী মোঃ নুর ইসলাম | সদস্য | Nurislam 26/06/2023 |
| ০৭ | জনাব মোঃ মাহবুবুর রহমান | সদস্য | Mahbub |
| ০৮ | হাজী মোঃ আইয়ুব | সদস্য | |
| ০৯ | জনাব মোঃ কালুন | সদস্য | কালুন |
| ১০ | জনাব এনামুল হাসান | সদস্য | |

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ মোমেন | সদস্য | মোমেন<br>২৬/০৬/২৩ |
| ১২ | জনাব মোঃ আসাদুজ্জামান সুমন | সদস্য | Asaduzzaman<br>26/06/23 |
| ১৩ | জনাব মোঃ আলী | সদস্য | Ali |
| ১৪ | জনাব রুনা আক্তার | সদস্য | |
| ১৫ | জনাব রিনা বেগম | সদস্য | রিনা<br>২৬/০৬/২৩ |
| ১৬ | জনাব লিয়াকত মিয়া | সদস্য | |
| ১৭ | জনাব মোঃ আব্দুস সালাম | সদস্য | |
| ১৮ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম পাপ্পু | সদস্য-সচিব | |